THE NEWTOWN SCHOOL | KOLKATA

THE FUTURE BEGINS HERE

বাসচালক, পরিচালক
এবং
নিরাপত্তা-সহায়কদের জন্য নিরাপত্তা নিয়মাবলী

I. <u>বাসচালকদের দায়িত্ব :</u>

1. স্কুল বাসচালকদের মৌলিক দায়িত্ব হলো ছাত্রছাত্রী এবং কর্মীবৃন্দদের নিয়মিত স্কুল যাতায়াতের নিরাপদ ও সময়োপযোগী পরিবহনের প্রতিদিনের প্রয়োজন পূরণ করা।
2. স্কুল বাসচালকরা সরাসরি পরিবহন ব্যবস্থাপককে (Transport Manager) NTS এর দ্বারা কিংবা তার মনোনীত বাক্তিকে রিপোর্ট করবে। পরিবহন ব্যবস্থাপক নিজে কিংবা তার মনোনীত ব্যক্তি স্কুল বাসচালকদের প্রতিদিনের দায়িত্ব দেবে। তাদের হাতে দরকারী, প্রয়োজন ও শর্ত অনুযায়ী নিয়মিত সময়সূচির তৎক্ষণাৎ পরিবর্তন করার কর্তৃত্ব থাকবে।
3. ভারতীয় মোটর ভেহিকলস আইন, ১৯৮৮ কিম্বা অন্যান্য সংশোধিত বা সময় সময় কার্যকর আইন অনুযায়ী স্কুল বাসচালকদের PSV বাস চালাবার জন্য বৈধ্য কাগজ (License) থাকা জরুরী।
4. স্কুল বাসচালকদের স্কুল বাস চালাবার অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।
5. স্কুল বাসচালকদের ট্রাফিক নিয়ম মেনে চলতে হবে।
6. স্কুল বাসচালকদের কাজের সময় ইউনিফর্ম পরে থাকতে হবে এবং তাদের নামের পরিচয় পত্র (ID) ইউনিফর্মে প্রদর্শিত থাকবে।
7. উপরোক্ত ছাড়াও স্কুল বাসচালকদের :
   i. সমস্ত যাত্রার আগে স্কুলবাস এবং তার কোনো বিশেষ উপকরণের নিরাপত্তা ও কর্মক্ষম পরীক্ষন সম্পূর্ণ করে নিতে হবে। এই উদ্দেশ্যে বাসচালকদের একটি লগ বই যথাযথভাবে পূরণ করতে হবে।
   ii. বাস সম্পর্কিত এবং / কিংবা কোনো বিশেষ উপকরণের কোনো ত্রুটি থাকলে তা শীঘ্র পরিবহন ব্যবস্থাপককে বিশেষ করে সমস্যা উল্লেখ করে জানাতে হবে।
   iii. বাসের গমনপথ ও তার চ্যুতি সম্পর্কে কোনো বিপত্তি চোখে পড়লে, যদি প্রয়োজন হয় তা পরিবহন ব্যবস্থাপককে জানাতে হবে। এই অবস্থা দুই দিনের বেশি স্থায়ী হলে, গমনপথ ও সময়সুচী পরিবর্তনের জন্য একটি অনুরোধ ফর্ম জমা দিতে হবে।
   iv. ছাত্রছাত্রীদের গন্তব্যস্থল থেকে তোলা এবং গন্তব্যস্থল অবধি নামানোর ক্ষেত্রে বাসের গমনপথ ও তার সময়সূচী দৃঢ়ভাবে মেনে চলতে হবে এবং নিশ্চিত করতে হবে যে বাস যেন তার নির্দিষ্ট সময়ের আগে বাস স্টপ ছেড়ে না যায় যতক্ষণ না সব নির্ধারিত ছাত্রছাত্রী বাসে উঠছে।
   v. নিশ্চিত করতে হবে যে তারা যেন ইচ্ছাকৃতভাবে গমনপথের সময়সূচীর দেরীতে বাস না চালায়।
   vi. নিশ্চিত করতে হবে যে তারা যেন **পরিবহন বিভাগের অনুমতি ছাড়া বাস স্টপ বৃদ্ধি, পরিবর্তন বা স্থানান্তর <u>না করে</u>**।
   vii. যেকোনো অস্বাভাবিক ঘটনা যত শীঘ্র সম্ভব পরিবহন ব্যবস্থাপককে জানাতে হবে এবং তার নির্দেশ অনুযায়ী চলতে হবে। এর মধ্যে অন্তর্ভুক্ত - মনোনিত গমনপথ বা গমনসুচির চ্যুতি (৫ মিনিটের বেশি), ছাত্রছাত্রীদের আঘাত বা অসুস্থতা (বাসের ভেতরে বা বাইরে ঘটা), কোনো ছাত্র বা ছাত্রীর সঙ্গে বাস স্টপে কোনো দায়িত্বপুর্ণ ব্যক্তির দেখা হওয়ার ব্যর্থতা (দরকার অনুযায়ী) ইত্যাদি।

viii. জ্বালানি, জরুরী উদ্বাসন বা অবতরণ, দুর্ঘটনা, ঘটনা ইত্যাদির পরিবহনের পরিচালন সম্পর্কিত তথ্য কাগজপত্র সঠিকভাবে শেষ করে জমা দিতে হবে।

ix. যথাযথ কতৃপক্ষর দ্বারা সময় সময় নির্ধারিত রাস্তার গতিসীমা কোনো সময় অতিক্রম করবে না।

x. নিরাপদে স্কুল বাস পার্ক করে কতৃপক্ষকে জানানো ছাড়া অন্যান্য কোনো ক্ষেত্রে বাস চালানোর সময় মোবইল ফোন ব্যবহার করবে না।

xi. যে কোনো অবস্থায় (স্বাস্থ্য বা অন্যান্য) বাসচালকের বাস চালানোর ক্ষমতা ব্যহত হলে তা জানাতে হবে।

xii. বাস চালাবার সময় সরকারি সম্পত্তির যত্ন রাখতে হবে।

xiii. বাস চালাবার সমস্ত দায়িত্ব ঠিকভাবে পালন করতে হবে।

xiv. বাস চালানোর নিরাপদ কার্যপ্রণালী মেনে চলতে হবে। রেললাইন ক্রসিং, ট্রাফিক সিগন্যাল ইত্যাদি দাড়াবার স্থানে আসেপাশের অস্বাভাবিক গাড়ি বা মানুষ সম্পর্কে সচেতন থাকতে হবে। যদি কোনো হুমকির ইঙ্গিত আসে যত শীঘ্র সম্ভব চালককে সেখান থেকে নিয়ম মেনে বাস চালিয়ে বেরিয়ে আসতে হবে।

xv. যে কোনো পরিস্থিতিতে অনুমোদিত নয় এমন কোনো ব্যক্তিকে বাসের ভেতরে প্রবেশের প্রতিরোধ করতে হবে।

xvi. বাসকে কেউ অনুসরণ করছে কিনা তা সম্পর্কে সচেতন থাকতে হবে। পরিবহন ব্যবস্থাপককে এ ব্যাপারে সম্ভব হলে গাড়ির বর্ণনা, লাইসেন্স প্লেট নম্বর এবং চালকের বিবরণ সহ অবগত করতে হবে।

xvii. সামনের গাড়ি ও বাসের মধ্যে নিরাপদ দুরত্ব বজায় রাখতে হবে (উল্লেখ্য : সামনের গাড়ির রাস্তায় ছুঁয়ে থাকা পেছনের চাকা দেখতে পাওয়া যাচ্ছে কিনা)।

xviii. দুটি ডেলিভারি ট্রাক বা ট্র্যাকটর ট্রেলার ট্রাকের মাঝে বা পাশে না দাঁড়াবার চেষ্টা করবে। বাস কোনো হামলা বা বিক্ষোভ স্থানে আটকে গেলে যত শীঘ্র সম্ভব তা থেকে বেরিয়ে নিরাপদ স্থানে গিয়ে ক্ষয়ক্ষতির পরিমান পরিবহন ব্যবস্থাপককে জানাতে হবে।

xix. ছাত্রছাত্রী বা অভিভাবকদের থেকে কোনো পরামর্শ বা বকশিস চাইবে না।

xx. উপরোক্ত ছাড়াও আসল জরুরি অবস্থায় ছাত্রছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে ছাত্রছাত্রীদের নিয়ে যাওয়ার দায়িত্বে থাকা বাসচালক, পরিচালক এবং নিরাপত্তা-সহায়কদের নির্দিষ্ট দায়িত্ব দেবে। এই দায়িত্বগুলি হলো ;

a) বাসচালকের অক্ষমতায় পরিচালক পার্কিং ব্রেক সেট করা, ইঞ্জিন বন্ধ করা, ওয়ার্নিং ফ্ল্যাশার চালু করা এবং পরিবহন বিভাগকে ডাকা বা জানানোর কাজ করবে।

b) নিরাপত্তা-সহায়ক ছাত্রছাত্রীদের বাস থেকে নামতে সাহায্য করার জন্য বাসের সামনের দরজার পাশে দাড়াঁবে।

c) নিরাপত্তা-সহায়ক প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম (ফার্স্ট এইড কিট) বাস থেকে সরাবে।

d) নিরাপত্তা-সহায়ক ছাত্রছাত্রীদের বাস থেকে অন্তত ১০০ ফিট দুরে একটি সুরক্ষিত স্থানে নিয়ে যেতে নেতৃত্ব দেবে।

II. স্কুলবাস সহায়কের দায়িত্ব :

1. সহায়ককে নিশ্চিত করতে হবে যে স্কুল বাস যেন কোনো সময় এই নির্দেশ ছাড়া না চলে বা পরিচালিত হয় ;

i. স্কুলের নাম ও টেলিফোন নম্বর স্কুলবাসের একটি সুস্পষ্ট স্থানে লেখা।

ii. স্কুল বাসের সামনে ও পেছনে "স্কুল বাস" লেখা।

iii. প্রাথমিক চিকিৎসার সরঞ্জামে সময়ে সময়ে মেয়াদের তারিখ সমেত ঔষধ ভরা।

iv. অগ্নি নিরাপত্তার প্রাসঙ্গিক আইন অনুযায়ী সময়ে সময়ে নির্ধারিত অগ্নি নির্বাপক যন্ত্র যথাযথভাবে পূরণ করা।

2. স্কুলবাস সহায়কের মৌলিক দায়িত্ব :

i. বাস পরিবহনের ছাত্রছাত্রীদের নাম, ক্লাস, বাড়ির ঠিকানা, রক্তের গ্রুপ, জরুরি যোগাযোগের নম্বর, বাস স্টপেজ, রুট পরিকল্পনা ইত্যাদি সহ একটি সাম্প্রতিক তালিকা বজায় রাখতে হবে।

ii. ছাত্রছাত্রীদের পরিচ্ছন্নতা ও বাসচালকের সাহায্যে বাসের ভেতর ও বাইরে ধুয়ে, মুছে, মেজে বা ঝেড়ে পরিষ্কার রেখে বাসে একটি স্বাস্থ্যকর ও সুরক্ষিত পরিবেশ বজায় রাখতে হবে।

iii. ছাত্রছাত্রীদের **শুধুমাত্র** নিরাপত্তা-সহায়ক কার্ড সহ অনুমোদিত ব্যক্তির হাতেই হস্তান্তরিত করা হচ্ছে তা নিশ্চিত করতে হবে। যদি কোন ছাত্র বা ছাত্রীকে অনুমোদিত ব্যক্তি বাস থেকে অবতরণের স্থানে নিতে না আসে, তবে তাকে স্কুলে ফিরিয়ে নিয়ে যেতে হবে এবং তার অবিভাবককে খবর দিতে হবে। অবিভাবক যেক্ষেত্রে খবর দেবেন যে তাদের সন্তানকে তারা নির্ধারিত বাস স্টপের বদলে পরবর্তী স্টপ বা অন্য কোন স্টপে নিতে আসবেন, বাস সহায়ককে নিশ্চিত করতে হবে যে বাস যেন সেই নির্দিষ্ট বাস স্টপে সর্বাধিক ৩ মিনিট অপেক্ষা করে। এই ধরণের সুবিধে রোজের অধিকারযোগ্য হবে না বরং বিরল পরিস্থিতিতেই পালন করা হবে অন্যথা মৌলিক নিয়মই মেনে চলা হবে।

iv. যাত্রার আগে চালকের সাথে স্কুল বাসের নিরাপত্তা ও পরিচালনার পরীক্ষা (টায়ার প্রেসার, কুল্যান্ট, ইঞ্জিন, ব্যাটারী, CCTV, GPS, এয়ার কন্ডিশনার ও ফ্যান) এবং বিশেষ উপকরণ পরীক্ষা করতে হবে।

v. যাত্রার আগে বাস পরিদর্শনের সময় যদি কোনো ব্যাগ, বোতল বা ব্যাকপ্যাক খুঁজে পাওয়া যায়, (যা ছাত্রছাত্রী বা কর্মীর সঙ্গে যুক্ত নয়) অবিলম্বে তাকে সন্দেহজনক বস্তু ও বিপত্তি হিসাবে গণ্য করে পরিবহন বিভাগকে জানাতে হবে ।

vi. কাজের সময় সর্বক্ষণ ইউনিফর্মে থাকতে হবে।

vii. ছাত্রছাত্রী ওঠার আগে নিশ্চিত করতে হবে যে বাসে কোনো মশা বা পোকা না থাকে।

viii. প্রত্যেকবার বাস ছাড়ার আগে নিশ্চিত করতে হবে যে বাসের ওপরের মালপত্র রাখার স্থান যেন নিরাপদ ও তালা দেওয়া থাকে।

ix. প্রত্যেকবার বাস ছাড়ার আগে নিশ্চিত করতে হবে যে বাসের দরজা যেন নিরাপদ ও তালা দেওয়া থাকে এবং তালার মেরামত বা রক্ষণাবেক্ষণ থাকলে অবিলম্বে বাসচালককে জানাতে হবে।

x. নিশ্চিত করতে হবে যে বাসচালক ট্রাফিক নিয়ম মেনে চলে এবং কোনো পরিবর্তন হলে তা পরিবহন বিভাগকে জানাতে হবে।

xi. বাসচালককে বাস পিছানোর সময় বা অন্যান্য অস্বাবাভিক ট্রাফিক পরিস্থিতিতে সাহায্য বা সাবধান করতে হবে।

xii. ছাত্রছাত্রীদের স্কুল যাতায়াতের পথে বাসের যাত্রা নিরাপদ ও যথাসম্ভব সুখকর হয় তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

xiii. অতিরিক্ত উদ্বেগের ক্ষেত্রে পরিবহন ব্যবস্থাপকের সাথে যোগাযোগ করতে হবে।

xiv. নিশ্চিত করতে হবে যেন স্কুল ব্যাগ, ব্যান্ড সরঞ্জাম, খেলাধুলার সরঞ্জাম বাসের ওপরের মালপত্র রাখার স্থানে তালা দেওয়া থাকে বা সিটের নিচে রাখা থাকে।

xv. বাসে সীমিত গতিশীলতা ও ধারণ ক্ষমতা থাকার জন্য ছাত্রছাত্রীদের মালপত্র ওঠানোর সময় পেছনে থেকে এবং নামানোর সময় সামনে থেকে সহায়তা করতে হবে।

xvi. যাত্রার পরে বাসচালক ও নিরাপত্তা-সহায়কের সাথে পরিদর্শন করে নিশ্চিত হতে হবে বাসে কোনো ছাত্রছাত্রী নেই বা মালপত্র পড়ে নেই। যাত্রার পরে কোনো মালপত্র পড়ে থাকলে তা অবিলম্বে পরিবহন বিভাগকে জমা দিতে হবে। স্কুল ছেড়ে যাওয়ার সময়, খালি অবস্থায় বা পার্কিং অবস্থায় বাসে কোনো ছাত্রছাত্রীকে একা পাওয়া গেলে সেই বাসচালক বা সহায়কের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের দায়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বা বরখাস্ত করাও হতে পারে।

xvii. অবিভাবকদের প্রতি বিনীত থাকতে হবে।

xviii. রাস্তায় কোনো ঝামেলায় জড়াবে না।

xix. ছাত্রছাত্রীদের স্কুলবাসের দিকে আসা, ঢোকা, ওঠা বা বাস থেকে নামার ক্ষেত্রে তাদের নিরাপত্তার দিকে নজর দিতে হবে।

xx. অচেনা ব্যক্তির সাথে কথা বলার জন্য কখনই বাসের দরজা খুলবে না।

xxi. অনুমোদিত নয় এমন কোনো ব্যক্তিকে বাসে ঢুকতে দেবে না।

xxii. পরিবহনের জন্য কোনো বাক্স, মোড়ক বা ব্যাগ গ্রহণ করবে না।

xxiii. কখনো কোনো সন্দেহজনক ঘটনার উপযুক্ত লিপি বা ব্যবস্হা না নিয়ে ছাড়বে না।

xxiv. জনসমক্ষে কখনই রুট, স্টপ বা আরোহীর বিস্তারিত বিবরণ আলোচনা করবে না। যাত্রার আগে স্কুল বাসের নিরাপত্তা ও পরিচালনার পরীক্ষা না করে কখনই বাস ছাড়বে না।

xxv. বাসের ভেতরের সন্দেহজনক বস্তুর নিরাপত্তার পর্যবেক্ষণ না করে কখনই বাস কোথাও দাঁড় করাবে না। কখনও ধরে নেবে না যে বাসের ভেতর পড়ে থাকা ব্যাগ বা ব্যাকপ্যাক নিরাপদ। সন্দেহ হলে পরিবহন বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে।

xxvi. ছাত্রছাত্রী বা অভিভাবকদের থেকে কোনো পরামর্শ বা বকশিস চাইবে না।

xxvii. নিশ্চিত করতে হবে CCTV সিস্টেম বাসে স্থাপন করা আছে এবং ঠিকঠাক চালু আছে।

3. কোনো নির্দিষ্ট দিনে কোনো বাস বা তার জরুরি সরঞ্জাম কোথায় আছে সেই ব্যাপারে নির্দিষ্ট বাস সহায়কদের সচেতন থাকতে হবে।

   i. ভেহিকল ইগনিশন সুইচ – স্থান ও অপারেশন।
   ii. প্রবেশ দ্বার – স্থান ও অপারেশন। ম্যানুয়াল, ইলেকট্রিক বা এয়ার প্রেসার অপারেশন হতে পারে।
   iii. প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম - স্থান।
   iv. অগ্নি নির্বাপক যন্ত্র - স্থান ও অপারেশন - সচরাচর প্রবেশ দ্বার বা বাসচালকের পাশে টাঙানো। জানতে হবে কিভাবে নির্বাপক যন্ত্রকে তার বন্ধনী থেকে খুলতে হয়।
   v. প্রতিফলক – স্থান।
   vi. জরুরি প্রস্থান - স্থান ও অপারেশন – হাতল উপরে তোলা, হর্ন সতর্কতা।
   vii. প্যানেল যন্ত্র ও তার নিয়ন্ত্রণ – সার্ভিস ব্রেক, পার্কিং ব্রেক, গিয়ার্ শিফট, জরুরি ফ্ল্যাশ এবং ডোর ওপেনর।

4. বাসচালক অক্ষম হলে বাস সহায়ককে নিম্নলিখিত কার্যপ্রণালী পালন করতে হবে;

   i. জরুরি ফ্ল্যাশ সক্রিয় করতে হবে।
   ii. ইগনিশন বন্ধ করতে হবে।
   iii. পরিবহন বিভাগের সঙ্গে যোগাযোগ করতে হবে।
   iv. যদি বাসে কোনো বিপদ হয় (রেলপথ, বিপদগ্রস্ত ট্রাফিক, আগুন, বন্যা, আবহাওয়া, ইত্যাদি) অবিলম্বে সেই বিপদস্থান থেকে বেড়িয়ে আসতে হবে|
   v. সহায়তার জন্য ১০০ ডায়াল করতে হবে।

III. স্কুলবাস নিরাপত্তা-সহায়কের দায়িত্ব :

1. নিরাপত্তা-সহায়কের দায়িত্ব হল স্কুলবাসে ছাত্রছাত্রীদের নিরাপত্তা ও আচরণ পরিচালনা করা। নিরাপত্তা-সহায়ককে জরুরী-প্রস্থান স্থানের কাছাকাছি আসনে বসতে হবে যাতে বিপদস্থল থেকে বেড়িয়ে আসার ক্ষেত্রে অবিলম্বে ব্যবস্থা নিতে পারে।
2. নিরাপত্তা-সহায়কের মৌলিক দায়িত্ব হল :

   i. বাসের মধ্যে ছাত্রছাত্রীদের শৃঙ্খলার ক্ষেত্রে ন্যায্য ও দৃঢ় থাকতে হবে।
   ii. ছাত্রছাত্রীদের স্কুল বাসের দিকে আসা, ঢোকা, ওঠা বা বাস থেকে নামার ক্ষেত্রে তাদের নিরাপত্তার দিকে নজর দিতে হবে।
   iii. নিশ্চিত করতে হবে যে বাসচালক যেন নির্দিষ্ট বাস স্টপে তালিকাভুক্ত প্রস্থান সময়ের ২ মিনিটের বেশি অপেক্ষা না করে।
   iv. ছাত্রছাত্রীদের বোঝাতে হবে যে তারা যেন তাদের নিরাপত্তার জন্য নিয়ম মেনে চলে।
   v. অসুবিধে করছে এমন ছাত্রছাত্রীদের তার কাছাকাছি আসনে বসিয়ে সজাগ তত্ত্বাবধানে রাখতে হবে।

vi. অসুবিধে করছে এমন ছাত্রছাত্রীদের একটি তালিকা তৈরি করে পরিবহন বিভাগকে জানাতে হবে যাতে দরকার পরলে সংশ্লিষ্ট শ্রেণী শিক্ষক শিক্ষিকা দ্বারা ব্যবস্থা নেওয়া যেতে পারে।

vii. বাসে যেকোনো ক্ষয়ক্ষতি এবং শৃঙ্খলাজনিত অসুবিধা, বাসস্টপে ঝগড়া (তা নিয়ন্ত্রণে আনা বা না আনা নির্বিশেষে) পরিবহন বিভাগকে জানাতে হবে।

viii. বেপরোয়া বা অবহেলাপুর্ণ ড্রাইভিং সম্পর্কে অবিলম্বে পরিবহন বিভাগকে জানাতে হবে।

ix. সংশ্লিষ্ট কর্তৃত্বর সময়ে সময়ে নির্দিষ্ট আইন ব্যতীত অন্য সমস্ত ক্ষেত্রে বাস ছাড়ার সময় ছাত্রছাত্রীরা যাতে তাদের আসনে সিটবেল্ট বেধে বসে সেই ব্যাপারে নিশ্চিত হতে হবে।

x. যাত্রার পরে বাসচালক ও নিরাপত্তা সহায়কের সাথে পরিদর্শন করে নিশ্চিত হতে হবে বাসে কোনো ছাত্রছাত্রী নেই বা মালপত্র পড়ে নেই। যাত্রার পরে কোনো মালপত্র পড়ে থাকলে তা অবিলম্বে পরিবহন বিভাগকে জমা দিতে হবে। স্কুল ছেড়ে যাওয়ার সময়, খালি বা পার্কিং করা বাসে কোনো ছাত্রছাত্রীকে একা পাওয়া গেলে সেই বাসচালক বা সহায়কের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের দায়ে যথাযথ ব্যবস্থা নেওয়া হতে পারে বা বরখাস্ত করাও হতে পারে।

xi. আহত ছাত্রছাত্রীদের প্রাথমিক চিকিৎসার মাধ্যমে পরিচর্চা করতে হবে। অবিলম্বে ঘটনাটি পরিবহন বিভাগ ও সংশ্লিষ্ট অবিভাবককে জানাতে হবে।

xii. গাড়ি বিকল হলে পরবর্তী ব্যবস্থা না হওয়া পর্যন্ত ছাত্রছাত্রীদের শান্তভাবে বসিয়ে রাখতে হবে।

xiii. ছাত্রছাত্রীদের উপস্থিতির রেজিস্টার লিপিবদ্ধ করতে হবে।

xiv. ছাত্রছাত্রীদের বাসে লাইন দিয়ে ওঠানোর জন্য স্কুলের শিক্ষক শিক্ষিকাদের সাহায্য করতে হবে।

xv. স্কুল যাওয়া আসার পথে জরুরী অবতরণের সময় ছাত্রছাত্রীদের নির্দেশ দিতে হবে।

xvi. ছাত্রছাত্রীদের বাসে ওঠানামার সময় নজর দিয়ে তাদের নিরাপত্তা মানার নির্দেশ দিতে হবে।

xvii. ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিতে হবে যে তারা যেন অচেনা ব্যক্তিদের থেকে কোনো জিনিস গ্রহণ না করে।

xviii. কোনো স্টপে দাড়াঁবার সময় আসেপাশের অস্বাভাবিক গাড়ি বা মানুষ সম্পর্কে সচেতন থাকতে হবে। এই ক্ষেত্রে কোনো হুমকি এলে বাস না দাড়ঁ করিয়ে পরিবহন ব্যবস্থাপককে জানাতে হবে।

xix. অনুমোদিত নয় এমন কোনো ব্যক্তিকে বাসের ভেতরে প্রবেশের অনুমতি দেবে না।

xx. ছাত্রছাত্রী বা অবিভাবকদের থেকে কোনো বকশিস নেবে না।

xxi. বাসস্টপে কোন সন্দেহজনক বাক্স, ব্যাগ, বোতল বা পাত্র সম্পর্কে সচেতন থাকতে হবে।

xxii. যদি কোনো গাড়ি অনুসরণ করে তা পরিবহন ব্যবস্থাপককে জানাতে হবে। সম্ভব হলে গাড়ির বর্ণনা, লাইসেন্স প্লেট নম্বর এবং চালকের বিবরণ প্রদান করতে হবে।

xxiii. সমস্ত ছাত্রছাত্রীরা স্কুলে যাতায়াত করার সময় আর.এফ.আই.ডি কার্ড পড়ে বাসে উঠছে কিনা তা নিশ্চিত করতে হবে।

❍ ❍ ❍